

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৮, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)  
প্রজ্ঞাপন

তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ/৪ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৬০-আইন/আয়কর/২০১৫ —Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উক্ত Ordinance এর অধীন “কিডনী ফাউন্ডেশন হাসপাতাল ও রিচার্স ইনস্টিটিউট” এর কেবল চিকিৎসা সেবা কার্যক্রম পরিচালনা হইতে অর্জিত আয়ের উপর আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তাবলী

- উক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সকল সেবা, যেমন হাসপাতালে ভর্তি ও তৎপরবর্তী আবাসিক চিকিৎসা সুবিধা, বহির্বিভাগ পরামর্শ বা ব্যবস্থাপত্র, প্যাথলজিক্যাল পরীক্ষা, সার্জারী বা অনুরূপ অন্যান্য চিকিৎসা সেবা এর ন্যূনতম ৩০% (ত্রিশ শতাংশ) গরীব ও অসহায় রোগীদের বিনামূল্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- দফা (ক) তে উল্লিখিত সেবা প্রদান সম্পর্কিত বিষয়ে উক্ত প্রতিষ্ঠানকে ত্রৈমাসিক ভিত্তিতে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট দাখিল করিতে হইবে; এবং
- উক্ত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর অধীন নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান  
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৪১৪১)

মূল্য : টাকা ৪.০০